মন্ত্রনালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন "ছক"

মন্ত্রনালয়/বিভাগের নাম ঃ ***নৌ-পরিবহন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।***

আওতাধীন অধিদপ্তর / সংস্থার সংখ্যা ঃ ***৫ টি।***

প্রতিবেদনাধীন বছর ঃ **২০১৫-২০১৬,** প্রতিবেদন প্রস্তুতির তারিখ ঃ **২৭.০৬.২০১৬ খ্রিঃ**

(১) প্রশাসনিক

১.১ *কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে) ঃ*

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরনকৃত পদ	শূন্যপদ	বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
মন্ত্রনালয়	-	-	-	-	
অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট সংখ্যা)	১১৯	৯৮	১৬	২৭	
মোট ঃ	১১৯	৯৮	২১	২৭	

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ *শূন্য পদের বিন্যাস ঃ* (নৌ-পরিবহন অধিদপ্তর ও অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শণালয়, ঢাকা)

অতিরিক্ত সচিব/ তদুর্ধ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেনীর পদ	২য় শ্রেনীর পদ	৩য় শ্রেনীর পদ	৪র্থ শ্রেনীর পদ	মোট
১	২	৩	৪	৫	৬	৭
--	--	৩	৫	১১	২	২১

১.৩ *অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা প্রধান/তদুর্দ্ধ) শুন্য থাকলে তার তালিকা ঃ*

১.৪ *শূণ্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা ঃ*

(ক) চীফ নটিক্যাল সার্ভেয়ার পদে পদোন্নতির বিপক্ষে মহামান্য হাইকোর্টে একটি রীট মামলা বিচারাধীন আছে। নৌ-বাণিজ্য অধিদপ্তর, চট্রগ্রামের নটিক্যাল সার্ভেয়ারকে বর্তমানে মন্ত্রনালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে চীফ নটিক্যাল সার্ভেয়ার পদে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে।
(খ) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর কার্যালয়, নারায়নগঞ্জ এর ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর শুন্য পদ পূরনের লক্ষ্যে ছাড়পত্রের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়েছে।

১.৫ *অন্যান্য পদের তথ্য ঃ*

প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেট স্থানান্তরিত পদের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা
১	২
-	-

১.৬ *নিয়োগ/পদোন্নতি প্রদান ঃ*

প্রতিবেদনাধীন অর্থ বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
১	২	৩	৪	৫	৬	৭
-	-	-	-	-	-	

১.৭ *ভ্রমন/পরিদর্শন (দেশে) ঃ*

ভ্রমন/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী / স্পেশাল এ্যাসিসটেন্ট	সচিব	মন্তব্য
১	২	৩	৪	৫
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	--	--	--	--
পার্বত্য চট্রগ্রামে ভ্রমন	--	--	--	--
মোট	--	--	--	--

১.৮ *ভ্রমন পরিদর্শন (বিদেশে) ঃ*

ভ্রমন/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	*মন্ত্রী/ উপদেষ্টা*	*প্রতিমন্ত্রী/উপমন্ত্রী / স্পেশাল এ্যাসিসটেন্ট*	*সচিব*	*মন্তব্য*
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	--	--	--	--
পার্বত্য চট্রগ্রামে ভ্রমন	--	--	--	--

* কতদিন বিদেশে ভ্রমন করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমনের পর ভ্রমন বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা ঃ

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (১লা জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) ঃ

(টাকা অংক কোটি টাকায় প্রদান করতে হবে)

ক্রমিক	মন্ত্রনালয়/ বিভাগসমূহের নাম	অডিট আপত্তির		ব্রডশীটে জবাবের সংখ্যা	নিস্পত্তিকৃত অডিট আপত্তি		অনিস্পন্ন অডিট আপত্তি	
		সংখ্যা	টাকার পরিমান (কোটি টাকায়)		সংখ্যা	টাকার পরিমান (কোটি টাকায়)	সংখ্যা	টাকার পরিমান (কোটি টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	নৌ-পরিবহন অধিদপ্তর	**২৬**	**৩৪,২৫**	**২৬**	**১**	**০,৬,৬১**	**২৫**	**৩৪,২৫**
	মোট ঃ	**২৬**	**৩৪,২৫**	**২৬**	**১**	**০,৬,৬১**	**২৫**	**৩৪,২৫**

২.২ *অডিট রিপোর্টে গুরুত্নতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা ঃ*

(৩) *শৃংখলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)*

প্রতিবেদনাধীন অর্থ বৎসরে (২০১৫-১৬) মন্ত্রনালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিস্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরীচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দন্ড	মোট	
১	২	৩	৪	৫	৬
মোট ঃ	-	-	-	-	১

(৪) সরকার কর্তৃক / সরকারের বিরদ্ধে দায়েরকৃত মামলা (১লা জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)।

সরকারি সম্পত্তি / স্বার্থরক্ষার্থে মন্ত্রণালয় / বিভাগ / আওতাধীন সংস্থা সমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রনালয়/ বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	*দায়েরকৃত মোট মামলার সংখ্যা*	*নিস্পত্তিকৃত মোট মামলার সংখ্যা*
১	২	৩	৪	৫
	২৪	-	-	-

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (১লা জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) ঃ

প্রশিক্ষণ কর্মসূচীর মোট সংখ্যা	মন্ত্রনালয়/বিভাগ এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহনকারীর সংখ্যা
১	২
-	-

৫.২ মন্ত্রনালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ বৎসরে (২০১৫-১৬) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা ঃ

মেরিটাইম জনশক্তি উন্নয়ন ঃ

(১) মেরিটাইম প্রশিক্ষণ ব্যবস্থা ঃ বাংলাদেশে বর্তমানে ২টি সরকারী এবং ১৮টি বেসরকারী মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠান রয়েছে। এ সকল ইন্সটিটিউটসমূহে প্রশিক্ষণপ্রাপ্ত বেশ কিছু ক্যাডেট জাহাজস্থ প্রশিক্ষণের জন্য জাহাজে যোগদানের অপেক্ষায় আছে। অত্র অধিদপ্তর তাদের চাকুরীর সুযোগ সৃষ্টি বা সম্প্রসারণের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করেছে ঃ

(ক) ক্যাডেটদের চাকুরী পাওয়ার সুবিধার্থে সরকারী শিপিং অফিস থেকে সিডিসি পাওয়া সহজ করা হয়েছে ;

(খ) ইন্সটিটিউটসমূহের সাথে অধিদপ্তরে সভা অনুষ্ঠানের মাধ্যমে ক্যাডেটদের চাকুরীর বাজার সৃষ্টি করার উদ্যোগ গ্রহণের জন্য বিভিন্ন দেশে প্রতিনিধি প্রেরণসহ পদক্ষেপ নেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে;

(গ) দক্ষিণ কোরিয়া ও ডেনমার্কের সাথে সনদ গ্রহণযোগ্যতা সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(ঘ) ভিসা সমস্যা সমাধানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কূটনৈতিক পদক্ষেপ অব্যাহত রয়েছে।

(২)প্রশিক্ষণের মান নিয়ন্ত্রণ ঃ মেরিটাইম ইন্সটিটিউটের প্রশিক্ষণের মান নিয়ন্ত্রণের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ

(ক) কোর্স শুরু করার পূর্বে প্রার্থীদের বিধি অনুযায়ী একাডেমিক যোগ্যতা নিশ্চিত করে রেজিষ্ট্রেশন নম্বর প্রদান করা হচ্ছে যাতে মানসম্মত প্রার্থীর ভর্তি নিশ্চিত করা যায়।

(খ) মেরিটাইম ইন্সটিটিউটের প্রশিক্ষণের মান এবং আনুষাঙ্গিক অবকাঠামো মনিটরিং এর জন্য ঢাকা এবং চট্রগ্রামে আন্তর্জাতিক দু'টি প্রতিষ্ঠান নটিক্যাল ইন্সটিটিউট, বাংলাদেশ ব্রাঞ্চ এবং ইন্সটিটিউট অব মেরিন ইঞ্জিনিয়ারিং সাইন্স এন্ড টেকনোলোজীর প্রতিনিধিদের সমন্বয়ে দুইটি টিম তৈরী করা হয়েছে এবং টিম দু'টির ইন্সটিটিউট পরিদর্শন অব্যাহত আছে। তাছাড়া গাইডলাইন মোতাবেক গঠিত পরিদর্শন কমিটিও নিয়মিত ইন্সটিটিউট পরিদর্শন করছে।

(গ) আইএমও এর নির্দেশনা অনুযায়ী একটি Independent Evaluation Team গঠন করা হয়েছে। উক্ত টিম কর্তৃক বাংলাদেশের মেরিটাইম প্রশিক্ষণ ও পরীক্ষা পদ্ধতি ও সকল মেরিটাইম ইন্সটিটিউট কার্যক্রমের উপর একটি প্রতিবেদন পেশ করেছে যা আইএমও-তে প্রেরণ করা হয়েছে ।

ইনল্যান্ড প্রশিক্ষণ ব্যবস্থা ঃ ইনল্যান্ড নৌযানের মাষ্টার এবং ড্রাইভারদের পরীক্ষায় কোডিং সিস্টেম প্রবর্তনের মাধ্যমে স্বচ্ছতা আনয়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এছাড়া ইনল্যান্ড মাষ্টার এবং ড্রাইভারদের প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য BIWTA পরিচালিত ইন্সটিটিউটসমূহের প্রশিক্ষণ কার্যক্রমের পরিবর্তন আনার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে । সরকারী ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে ইনল্যান্ড মাষ্টার ও ড্রাইভারদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারীদের অংশ গ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা ঃ প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রনালয়ে অন দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অনুবিধা আছে কি না ঃ নাই।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ বৎসরে (১লা জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) প্রশিক্ষনের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা ঃ ১জন।

(৬) সেমিনার / ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (১লা জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)ঃ-

দেশের অভ্যন্তরে সেমিনার / ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার / ওয়ার্কশপে অংশ গ্রহনকারীদের সংখ্যা
১	২
প্রযোজ্য নয়	সংশ্লিষ্ট দপ্তর হতে প্রায় জন।

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (১লা জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) ঃ-

মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা সমূহে মোট কম্পিউটারের সংখ্যা	মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা সমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না	মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা সমূহে লেন (LAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা সমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা সমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা	
				কর্মকর্তা	কর্মচারী
২৫টি	আছে	আছে	নাই	২০ জন	৩৫ জন

(৮) সরকারী প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারী কোষাগারে জমার পরিমাণ (কোটি টাকায়)।

(টাকার অংক কোটি টাকায় প্রদান করতে হবে)

	২০১৫-১৬	২০১৪-২০১৫	হ্রাস (-) / বৃদ্ধির (+) হার

		লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
১		২	৩	৪	৫	৬	৭
রাজস্ব আয়	ট্যাক্স রেভিনিউ	-	-	-	-	-	-
	নন-ট্যাক্স রেভিনিউ	৫,০৩,২২	৩,৬৮,৭০ (এপ্রিল'২০১৬ পর্যন্ত)	১৫,৯৯,১১	১৬,৬১,৬০	-	-
উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে)							
লভ্যাংশ হিসাবে							

(৯) প্রতিবেদনাধীন অর্থ বৎসরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী / আইন, বিধি ও নীতি প্রণয়ন / সমস্যা সঙ্কট ঃ-

৯.১ প্রতিবেদনাধীন অর্থ বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা ঃ

(১) অধিদপ্তরের কতিপয় নন-ট্যাক্স রেভিনিউ (NTR) আইটেমে ফি পুনঃ নির্ধারন এবং নতুন কর ব্যতীত রাজস্ব আইটেম সমূহে ফি নির্ধারণ করা হয়েছে।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত ***গুরুত্বপূর্ণ / উল্লেখযোগ্য কার্যাবলি*** ঃ

(১) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিবের সাথে নৌ-পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়েছে।

(২) নৌ-পরিবহন অধিদপ্তরের সংশ্লিষ্ট নাগরিক সনদ হাল নাগাদ করা হচ্ছে এবং ।

নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরনের উদ্দেশ্যে ২য় প্রজন্মের সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে এবং তা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শন করা হয়েছে।

(৩) অধিদপ্তর কর্তৃক বর্তমান সময় উপযোগী করে শিপিং পরিসংখ্যান প্রকাশ করা হচ্ছে।

(৪) নাবিকদের অনুকূলে Machine Readable Identiy Document (SID) জারী করা হয়েছে এবং বর্তমান বছরে উক্ত যন্ত্রপাতি মেরামতের উদ্যোগ নেয়া হয়েছে।

(৫) সীফেয়ারারদের যোগ্যতা সনদ জালিয়াতি রোধকল্পে উন্নতমানের সনদ তৈরী করে জারী করা হচ্ছে।

(৬) ***নৌ-নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন*** ঃ নৌ নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নের জন্য নিম্নোল্লিখিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

(ক) সার্ভেয়ারের সংখ্যা ৪ থেকে ২৪ এ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এ সকল সার্ভেয়ার ঢাকা, নারায়নগঞ্জ, খুলনা, বরিশাল, রাজশাহী, সুনামগঞ্জ, ভৈরব, ভোলা, চাঁদপুর, চট্রগ্রাম, রাঙামাটি ও কক্সবাজারে মোট ১২টি রিজিওনাল অফিসের মাধ্যমে কার্যক্রম সম্পাদন করবেন ।

(খ) ইন্সপেক্টরেট অব ইনল্যান্ড শিপস এর কার্যালয় ৮ থেকে ৫০টিতে বৃদ্ধি করা হবে এবং ইন্সপেক্টরের সংখ্যা ৯ জন থেকে ৮৯ জনে বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে ।

(গ) একটি পৃথক ডিজাইন শাখার সৃষ্টির প্রস্তাব করা হয়েছে ।

(ঘ) মামলাসমূহ দ্রুত নিস্পত্তির জন্য বর্তমানে ১টির স্থলে ৪টি মেরিন কোর্টসহ ৩টি প্রসিকিউটিং অফিসারের পদ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে ।

(ঙ) স্থানীয় এবং আন্তর্জাতিক আইন সম্পর্কিত বিষয়গুলো সঠিকভাবে পরিচালনার জন্য একটি পৃথক আইন শাখার প্রস্তাব করা হয়েছে ।

(চ) কন্ট্রোলার অফ মেরিটাইম এর পদ সৃস্টি করে মেরিটাইম প্রশিক্ষণ, পরীক্ষা এবং সার্টিফিকেট প্রদানের মান নিশ্চিত করার জন্য একটি পৃথক শাখার প্রস্তাব করা হয়েছে।

(ছ) জনসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ১-৭ জুন ২০১৬-তে নৌ-নিরাপত্তা সপ্তাহ পালন করা হয়েছে।

(জ) নৌযানের রেজিস্ট্রেশন ঃ ডকইয়ার্ডের বাইরে তৈরী ছোট ছোট নৌযানগুলো ভ্যাট প্রদান করতে না পারায় রেজিস্টেশন করা সম্ভব হচ্ছে না । এ সকল নৌযানের ক্ষেত্রে ভ্যাট প্রদান পদ্ধতি সহজীকরণ করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

(ঝ) রিভারসিবল গিয়ার সংযোজন ঃ ছোট ছোট নৌযানে রিভারসিবল গিয়ার সংযোজনের ফলে দূর্ঘটনা অনেক কমেছে। তবে রিভারসিবল গিয়ারের মূল্য অত্যাধিক হওয়ায় নৌযান মালিকদের মধ্যে রিভারসিবল গিয়ার সংযোজনে অনীহা দেখা যায়। এজন্য রিভারসিবল গিয়ারের শুল্ক কমপক্ষে ৫০% কমানোর জন্য রাজস্ব বোর্ডের সাথে সভা করা হয়েছে এবং একটি প্রস্তাব প্রেরণ করা হয়েছে ।

নৌযানের ডাটা বেস ঃ নৌ নিরাপত্তা সংশ্লিষ্ট যে কোন পদক্ষেপ গ্রহণের জন্য নৌযানের সংখ্যা, ধরণ, যন্ত্রপাতি, নাবিকদের যোগ্যতা ইত্যাদি জানা প্রয়োজন । ৬টি জেলায় ইতোমধ্যে একটি পাইলট প্রজেক্ট সম্পন্ন হয়েছে । এর উপর ভিত্তি করে সমগ্র বাংলাদেশের নৌযানের একটি ডাটা বেস তৈরীর জন্য

একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে ।

(৭) Global Maritime Distress & Safety System (GMDSS) প্রকল্পের দাপ্তরিক কাজ পরিচালনার জন্য গণপুর্ত মন্ত্রণালয় থেকে ছাড়পত্র গ্রহণপূর্বক পিপিআর অনুযায়ী একটি অফিস ভবন ভাড়া নেয়া হয়েছে, ২০ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে এবং কোরিয়ান পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের ৮টি স্থান পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন, ভবন নির্মাণের ডিটেইল ডিজাইন, বিডিং ডকুমেন্টের কমার্শিয়াল অংশ সমুদ্র পরিবহন অধিদপ্তরের রিভিউ এর জন্য দাখিল করেছে।

(৮) অধিদপ্তরের উদ্যোগে বাংলাদেশ International Maritime Organization(IMO)'তে বাংলাদেশ B Catagory সদস্য পুণঃনির্বাচিত হয়েছে।

(৯) আন্তর্জাতিক অর্জন ঃ অধিদপ্তরের উদ্যোগে International Mobile Satellite Organization (IMSO) এর মহাসচিব পদে বাংলাদেশের প্রার্থী জয়লাভ করেছেন। মেরিটাইম ক্ষেত্রে ইতোমধ্যে বাংলাদেশের যে সকল সাফল্য অর্জিত হয়েছে, মহাসচিব পদে জয়লাভের ফলে মেরিটাইম বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরো উজ্জ্বল হয়েছে ।

(১০) আন্তর্জাতিক ক্লাসিফিকেশন সোসাইটিসমূহের কার্যক্রম মনিটর করার জন্য আইএমও'র বিধান মোতাবেক ৪টি ক্লাসিফিকেশন সোসাইটির সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে।

(১১) সরকারের শুদ্ধাচার নীতি অর্জনের লক্ষ্যে অত্র অধিদপ্তরে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে।

(১২) অধিদপ্তরে ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রবর্তন করা হয়েছে।

(১৩) অধিদপ্তরের ওয়েব সাইট পুনবিন্যাস করে নতুনভাবে উদ্বোধন করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

(১৪) অধিদপ্তরের আওতাধীন সকল কার্যালয়ের ওয়েব সাইট তৈরী করা হয়েছে এবং তা আপ-ডেট করা হচ্ছে।

(১৫) বিদেশী জাহাজ মালিকদের চাহিদা অনুযায়ী অন-লাইনে বাংলাদেশী যোগ্যতা সনদধারী নাবিকদের যোগ্যতা সনদ ও সিডিসি যাচাই ব্যবস্থা গড়ে তোলা হয়েছে।

(১৬) নাবিকদের ডাটাবেইজ তৈরী করা হয়েছে। ফলে নিয়োগকারী জাহাজ মালিক ও ম্যানিং এজেন্টগণ অন-লাইনে সিডিসি যাচাই করতে সক্ষম হচ্ছেন।

(১৭) নাবিক হোষ্টেলে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে ।

(১৮) নাবিকদের যোগ্যতা সনদ জালিয়াতি রোধ কল্পে উন্নতমানের নিরাপত্তা কাগজে সনদ তৈরী করে তা জারী করা হচ্ছে

(১৯) আইএমও'র চাহিদা অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক গঠিত Independent Evaluation Team দ্বারা বাংলাদেশের প্রশিক্ষন ও পরীক্ষা পদ্ধতি মূল্যায়ন সম্পন্ন করতঃ Independent Evaluation Report আইএমও-তে প্রেরন করা হয়েছে।

(২০) IMO'র SOLAS কনভেনশনের সংশোধনী কার্যকর করার যাবতীয় কার্যক্রম গ্রহন করা হয়েছে যা ০১/০৭/২০১৬ থেকে বাধ্যতামূলকভাবে কার্যকর হবে।

(২১) মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউট পরিচালিত সকল কোর্সে অংশগ্রহনকারীদের রেজিষ্ট্রেশন নাম্বার অন-লাইনে প্রদান করার মাধ্যমে ১টি নতুন সেবা ডিজিটাল সেন্টার থেকে প্রদান করা হয়েছে।

(২২) অধিদপ্তরের ওয়েব সাইট নতুন পুনবিন্যাস করে নতুনভাবে উদ্বোধন করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

(২৩) নাবিকদের সিডিসি'র ডাট বেইজ তৈরী করতঃ অন-লাইন যাচাই ব্যবস্থা চালু করা হয়েছে।

(২৪) নাবিকদের অনুকূরে জারীকৃত Certificate of Proficiency (CoP) এর ডাটা বেজ করা হয়েছে।

(২৫) কাজ-কর্মে স্বচ্ছতা আনয়ন এবং নিরাপত্তা বিধানের উদ্দেশ্যে অধিদপ্তরের সিসিটিভি চালু করা হয়েছে।

(২৬) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শিপিং সংশ্লিষ্ট আইন-কানুনসমূহ যুযোগপযোগী করনের কার্যক্রম চলমান রয়েছে।

(২৭) বেসরকারী মেরিটাইম প্রশিক্ষন কার্যক্রম অন-লাইনে মনিটরিং এর আওতায় আনয়নের উদ্যোগ নেয়া হয়েছে।

(২৮) জাল যোগ্যতা সনদ ব্যবহার রোধকল্পে নিরাপত্তা ছাপ সম্বলিত যুগোপযোগী যোগ্যতা সনদের প্রবর্তন করার উদ্যোগ নেয়া হয়েছে।

(২৯) অভ্যন্তরীণ নৌযানের মাস্টার ও ড্রাইভারদের যোগ্যতা সনদের ডাটা বেজ তৈরী এবং অন-লাইনে যাচাই ব্যবস্থার প্রবর্তনের পদক্ষেপ নেয়া হয়েছে।

(৩০) ই-ফাইলিং ব্যবস্থা প্রবর্তন বাস্তবায়নাধীন রয়েছে।

(৩১) অধিদপ্তরের অধীনস্থ ৩টি কার্যালয়ের সাথে ২০১৬-২০১৭ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের উদ্যোগ নেয়া হয়েছে।

(৩২) ২০১৭ সালে বাংলাদেশ IMO কর্তৃক Member State Audit Scheme (IMSAS) যথাযথ ও সাফলজনকভাবে সম্পাদনের জন্য কমিটি গঠন করা হয়েছে।

(৩৩) উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ওয়েব সাইটে প্রদান করা হয়েছে।

(৩৪) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক অধিদপ্তরের ইনোভেশন টিম গঠন করা হয়েছে।

৯.৩ ২০১৫-১৬ অর্থ বৎসরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারন/রুটিন প্রকৃতির সমস্যা/সংকট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ:পদ সৃষ্টি, শুন্য পদ পূরন ইত্যাদি)

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত ঃ-

১০.১ ২০১৫-১৬ অর্থ বছরের কার্যাবলীর মাধ্যমে মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি? হ্যাঁ।

১০.২ উদ্দেশ্যাবলী সাধিত না হয়ে থাকলে তার কারন সমূহ ঃ প্রযোজ্য নয়

১০.৩ মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলী আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/ পদক্ষেপ গ্রহন করা যেতে পারে সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ ঃ-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহণ অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫১৩৩০৫
ফ্যাক্স ঃ ৯৫৮৭৩০১
ওয়েব সাইটঃ www.dos.gov.bd
E-mail : info@dos.gov.bd

নং- ০১.৪০১.০১৬.০৪৫.০০.০০.২০১০- তারিখঃ ২৭-০৬-২০১৬

সচিব
নৌ-পরিবহন মন্ত্রনালয়
ঢাকা ।

(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক সচিব, প্রশাসন)

বিষয়ঃ- মন্ত্রনালয়/বিভাগ সমূহের ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন।

সুত্রঃ- নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পত্র নং-১৮.০০.০০০০.১৬.১৬.০০৬.১৬-১৩৩২,তারিখঃ ২১/০৬/২০১৬

উপরোক্ত বিষয়ে নৌ-পরিবহন অধিদপ্তর এবং ইহার অধীনস্থ অফিসসমূহ যথা-(১)নৌ-বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম (২) নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম (৩) সরকারী শিপিং অফিস, চট্টগ্রাম (৪) প্রকৌশলী ও জাহাজ জরিপকারক অফিস, ঢাকা/নারায়নগঞ্জ এর ২০১৫-২০১৬ সনের বার্ষিক প্রতিবেদনের নির্ধারিত “ছক” পূরন করতঃ ২(দুই) প্রস্থ এতদসংগে প্রেরণ করা হলো।

সংলগ্নীঃ বর্ণনামতে ।

কমডোর এম জাকিউর রহমান ভূঁইয়া, ওএসপি, বিএসপি, পিএসসি, বিএন
মহাপরিচালক